

কালের কর্ত্তা

আপডেট : ২০ মার্চ, ২০১৯ ২৩:২৭

শেকুবি ছাত্রলীগের দুই প্রতিপ্রের দফায় দফায় সংযর্থে আহত ২

 শেকুরি ছাত্রলীগের দুই গ্রন্থের দফায় দফায় সংঘর্ষে আহত ২

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে (শেকুরি) গত মঙ্গলবার গভীর রাতে শাখা ছাত্রলীগের সাধারণ সম্পাদক মিজানুর রহমান ও যুগ্ম সাধারণ সম্পাদক রূদ্র নাথ টেটনের অনুসারীদের মধ্যে দফায় দফায় সংঘর্ষ হয়েছে। এতে মিজানের দুজন অনুসারী আহত হয়। সংঘর্ষের পর বিশ্ববিদ্যালয়ের সহকারী প্রেস্টের রূপুল আমিন সংঘর্ষে জড়িত একজনকে বহিকারের সুপারিশ করেছেন।

প্রত্যক্ষদর্শী সূত্রে জানা যায়, নবাব সিরাজউদ্দেনোলা হলের গগরমে আসন ভাগাভাগি নিয়ে গত মঙ্গলবার রাত ১২টায় মিজানুর রহমান ও রূদ্র নাথ টেটনের অনুসারীদের মধ্যে কথাকাটাকাটি শুরু হয়। খবর পেয়ে দুই পক্ষের নেতারা গিয়ে তা মিটিয়ে দেন। কিন্তু কিছুক্ষণ পর ওই একই ঘটনা নিয়ে উভয় গ্রুপ সংঘর্ষে জড়িয়ে পড়ে। এতে মিজানের অনুসারী জাহিদ হাসান তমাল ও ওয়াহিদ আল মর্তুজা আহত হয়।

সহকারী প্রেস্টের রূপুল আমিন বলেন, ‘সংঘর্ষে জড়িত থাকার প্রমাণের ভিত্তিতে প্রেস্টেরিয়াল বড়ির পক্ষ থেকে ১৯ ব্যাচের শিক্ষার্থী ফাহিম হাসানকে একাডেমিকভাবে এক সেমিস্টার বহিকারের সুপারিশ করেছি।’

[Print](#)

সম্পাদক : ইমদাদুল হক মিলন,

নির্বাহী সম্পাদক : মোস্তফা কামাল,

ইস্ট ওয়েস্ট মিডিয়া গ্রুপ লিমিটেডের পক্ষে ময়নাল হোসেন চৌধুরী কর্তৃক প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা, বারিধারা থেকে প্রকাশিত এবং প্লট-সি/৫২, ব্লক-কে, বসুন্ধরা, খিলক্ষেত, বাড়ো, ঢাকা-১২২৯ থেকে মুদ্রিত।

বার্তা ও সম্পাদকীয় বিভাগ : বসুন্ধরা আবাসিক এলাকা, প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বারিধারা, ঢাকা-১২২৯। পিএবিএক্স : ০২৮৪০২৩৭২-৭৫, ফ্যাক্স : ৮৪০২৩৬৮-৯, বিজ্ঞাপন ফোন : ৮১৫৮০১২, ৮৪০২০৪৮, বিজ্ঞাপন ফ্যাক্স : ৮১৫৮৮৬২, ৮৪০২০৪৭। E-mail : info@kalerkantho.com